



বীর শহীদ

মো: জাফর আহাম্মদ

জন্ম তারিখ: ১ জানুয়ারি, ১৯৮০
শাহাদাতের তারিখ: ৫ আগস্ট, ২০২৪
বিভাগ: চট্টগ্রাম
জেলা: ফেনী

শহীদের সংক্ষিপ্ত জীবনবৃত্তান্ত

পেশা : টমটম চালক,
শাহাদাতের স্থান : ফেনী পৌরসভার সামনে

শাহাদাতের বিস্তারিত ঘটনা ও ইতিহাস

শহীদ জাফর আহাম্মদের জন্ম ফেনী সদরের শশদী ইউনিয়নের ফতেহপুর গ্রামে। পিতা ওবায়দুল হক, মাতা হাজেরা বেগম। বর্তমানে শহীদের পিতা-মাতা কেউ বেঁচে নেই। শহীদ জাফরের পরিবারে তার স্ত্রী ও দুটি সন্তান রয়েছে- এক ছেলে, এক মেয়ে। পেশায় তিনি একজন টমটম চালক ছিলেন।

শহীদের অর্থনৈতিক অবস্থা

জাফর আহাম্মদের পরিবার খুব একটা সম্বল কখনোই ছিলনা। টমটম চালিয়ে যা আয় হত, তা ছিল এই পরিবারের আয়ের প্রধান উৎস। এছাড়া তার একমাত্র ছেলে গার্মেন্টসে চাকুরি করে। অনেক ইচ্ছা থাকলেও ছেলে রুবেলকে বেশি পড়াতে পারেননি জাফর। তাই একমাত্র মেয়েকে নিয়ে অনেক স্বপ্ন ছিল তার। তার মেয়ে সানিয়া বর্তমানে পৌর বালিকা উচ্চবিদ্যালয়ে ৫ম শ্রেণিতে অধ্যয়নরত। কিন্তু অভাবের সংসারে মেয়েটির পড়ালেখা এখন বন্ধের উপক্রম। মাথার উপর থেকে বাবা নামক ছায়া সরে গেলে বোঝা যায় জীবন কত বিচিত্র আর কষ্টকর জাফরের স্ত্রী আছিয়া বেগম বর্তমানে দুই সন্তানকে নিয়ে মানবের দিন পার করছেন। শারীরিক ও মানসিকভাবে ভেঙে পড়েছেন তিনি।

নিকটাত্মীয়/ প্রতীবেশীর মন্তব্য

শহীদ জাফর আহাম্মদের ছোট ভাই মনির আহাম্মদ বলেন, “আমার ভাই ছিল সহজ-সরল।

শহীদী মৃত্যুর প্রেক্ষাপট

৫ আগস্ট ২০২৪। বাংলাদেশের পেল দ্বিতীয়বারের মত স্বাধীন হওয়ার সুযোগ। প্রায় ১৬ বছর ধরে ফ্যাসিস্ট সরকার দেশটাকে চেটেপুটে খাচ্ছিলো, মানুষের উপর নির্যাতনের স্ত্রীম রোলার চালিয়েছিল। এদিন ছাত্র-জনতার ‘রোড মার্চ টু গণভবনে’ ভীত-সন্ত্রস্ত হয়ে তাড়াছড়ো করে পদত্যাগ করে দেশ ত্যাগ করেন বিগত সরকার প্রধান। এসময় সবাই যখন আনন্দ মিছিলে ব্যস্ত, তখনও দেশের কিছু কিছু অঞ্চলে জালিম সরকারের দোসরেরা পরাজয় মেনে না নিয়ে আক্রমণ করেই যাচ্ছিলো।

জাফর সেদিন ফেনী পৌরসভার সামনে আওয়ামী দূর্বৃত্তদের হামলার শিকার হন এবং নির্মমভাবে শহীদ হন। শহীদ জাফর তার নিজ বাড়ি ফেনী সদরে চিরনিদ্রায় শায়িত আছেন। আল্লাহ রাব্বুল আলামীন তাকে জান্নাতুল ফেরদৌস নসীব করুন।

এক নজরে শহীদের ব্যক্তিগত তথ্যাবলি

নাম : জাফর আহাম্মদ

পেশা : টমটম চালক

বর্তমান ও স্থায়ী ঠিকানা : গ্রাম: ফতেহপুর, ইউনিয়ন: শশদী, থানা: সদর, জেলা: ফেনী

পিতার নাম : ওবায়দুল হক

মাতার নাম : মৃত হাজেরা বেগম

পরিবারের সদস্য : ৩ জন

ছেলে : রুবেল, গার্মেন্টস শ্রমিক

মেয়ে : সানিয়া, ছাত্রী

ঘটনার স্থান : ফেনী পৌরসভার সামনে

আক্রমণকারী : দূর্বৃত্ত

আহত হওয়ার সময়কাল : তারিখ : ০৫/০৮/২০২৪ দুপুর ২:৩০ মিনিট

মৃত্যুর তারিখ ও সময়: তারিখ : ০৫/০৮/২০২৪

কবরস্থান : নিজ গ্রাম

পবিত্র কুরআনের বাণী

নিশ্চয় আল্লাহ মুমিনদের প্রাণ ও ধন-সম্পদ জাহান্নাতের বিনিময়ে ক্রয় করে নিয়েছেন। তারা আল্লাহর পথে লড়াই করে। (সূরা তাওবা ৯:১১১)

হাদীস শরীফ

হজরত আবদুল্লাহ ইবনে মাসউদ (রা.) বলেন, রাসুলুল্লাহ (সা.) বলেছেন, “শহীদদের আত্মা সবুজ পাখির পেটে থাকে।” (সহীহ মুসলিম ১৮৮৭)

দোয়া পাঠ: ০ জন

শহীদদের স্মৃতিচিত্র ও ফটো গ্যালারি

